রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ২২, ২০১৭

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

## প্রজ্ঞাপন

তারিখ: ১৯ কার্তিক ১৪২৩/৩ নভেম্বর ২০১৬

**নং বিআরপিডি(আর-১)৬৫১/৯(১০)/২০১৬-৭২৩১**—ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ এর ১৪ নং আইন) এর ধারা ৭৭ এর উপধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ (পুনর্গঠন) স্কীম, ২০০৭ (যাহা সর্বশেষ ৩ নভেম্বর, ২০১৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে সংশোধিত) এর অনুচ্ছেদ নং ১০ এবং অনুচ্ছেদ নং ১৫ এর বিধান এবং General Clause Act, 1897 এর ২১ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ ব্যাংক উক্ত স্কীমের অনুচ্ছেদ নং ৭ এবং অনুচ্ছেদ নং ১০-এর কতিপয় বিধান নিম্নরূপভাবে প্রতিস্থাপন ও সংযোজন করিল:

১। দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ (পুনর্গঠন) স্কীম, ২০০৭ এর অনুচ্ছেদ নং ৭ এর উপ-অনুচ্ছেদ (১) এ প্রদত্ত পরিশোধ সূচির শেষ ৪ (চার) সারিতে উল্লিখিত—

| | |
|---|---|
| আরো ১.০০ কোটি টাকা | নির্ধারিত দিনের ১০২ মাস পর হইতে ১০৮ মাসের মধ্যে। |
| আরো ১.০০ কোটি টাকা | নির্ধারিত দিনের ১০৮ মাস পর হইতে ১১৪ মাসের মধ্যে। |
| আরো ১.০০ কোটি টাকা | নির্ধারিত দিনের ১১৪ মাস পর হইতে ১২০ মাসের মধ্যে। |
| অবশিষ্ট স্থিতি | নির্ধারিত দিনের ১২০ মাস পর।” |

এর স্থলে নিম্নলিখিত সারণী প্রতিস্থাপিত হইবে:

| | |
|---|---|
| "আরো ২০.০০ লক্ষ টাকা | নির্ধারিত দিনের ১০২ মাস পর হইতে ১০৮ মাসের মধ্যে। |
| আরো ২০.০০ লক্ষ টাকা | নির্ধারিত দিনের ১০৮ মাস পর হইতে ১১৪ মাসের মধ্যে। |
| আরো ২০.০০ লক্ষ টাকা | নির্ধারিত দিনের ১১৪ মাস পর হইতে ১২০ মাসের মধ্যে। |
| আরো ২০.০০ লক্ষ টাকা | নির্ধারিত দিনের ১২০ মাস পর হইতে ১২৬ মাসের মধ্যে। |
| আরো ২০.০০ লক্ষ টাকা | নির্ধারিত দিনের ১২৬ মাস পর হইতে ১৩২ মাসের মধ্যে। |
| আরো ২০.০০ লক্ষ টাকা | নির্ধারিত দিনের ১৩২ মাস পর হইতে ১৩৮ মাসের মধ্যে। |
| আরো ৫০.০০ লক্ষ টাকা | নির্ধারিত দিনের ১৩৮ মাস পর হইতে ১৪৪ মাসের মধ্যে। |
| আরো ৫০.০০ লক্ষ টাকা | নির্ধারিত দিনের ১৪৪ মাস পর হইতে ১৫০ মাসের মধ্যে। |
| আরো ৫০.০০ লক্ষ টাকা | নির্ধারিত দিনের ১৫০ মাস পর হইতে ১৫৬ মাসের মধ্যে। |
| অবশিষ্ট স্থিতি | নির্ধারিত দিনের ১৫৬ মাস পর।" |

২। দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ (পুনর্গঠন) স্কীম, ২০০৭ এর অনুচ্ছেদ ১০ এর শর্তাংশে উল্লিখিত "এই স্কীম কার্যকর হওয়ার দশ বৎসর পর" এর পরিবর্তে "এই স্কীম কার্যকর হওয়ার তের বৎসর পর" প্রতিস্থাপিত হইবে।

উক্ত স্কীমের অপরাপর বিধানাবলী অপরিবর্তিত থাকিবে। এই প্রজ্ঞাপনে বর্ণিত পরিবর্তনসমূহ প্রজ্ঞাপন জারির তারিখ হইতে কার্যকর হইবে।

**ফজলে কবির**
গভর্নর
বাংলাদেশ ব্যাংক।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd